ভোরের কাগজ

তারিখ 26 FEB 1998 … …
পৃষ্ঠা … কলাম …

# ১ মার্চ থেকে বুয়েটে সকল বর্ষের ক্লাস শুরু হবে

বুয়েট প্রতিনিধি : বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সকল বর্ষের ক্লাস আগামী ১ মার্চ শুরু হবে। স্থাপত্য বিভাগের শিক্ষকদের কর্মবিরতির ফলে ক্লাস হওয়া নিয়ে যে অনিশ্চয়তা ছিল কর্তৃপক্ষ তা নাকচ করে দিয়েছে। এদিকে একাডেমিক কাউন্সিল স্থাপত্য বিভাগের শিক্ষকদের একাডেমিক কার্যক্রম পর্যবেক্ষণের জন্য একটি কমিটি গঠন করেছে।

ভর্তি পরীক্ষার পদ্ধতি গত জটিলতাকে কেন্দ্র করে স্থাপত্য বিভাগের শিক্ষকদের অবিরাম কর্মবিরতির ফলে ছাত্রছাত্রীরা অনিশ্চয়তায় ভুগছে। উল্লেখ্য, বুয়েটের সকল বর্ষের ক্লাস আগামী ১ মার্চ থেকে শুরু হওয়ার কথা। কর্তৃপক্ষের সঙ্গে আলাপ করে জানা গেছে যথাসময়ে রেজিস্ট্রেশন ও ক্লাস শুরু হবে।

এদিকে জানা গেছে বুয়েট উপাচার্য অধ্যাপক ইকবাল মাহমুদসহ ১৬ জন শিক্ষক বুয়েটের চ্যান্সেলর প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সম্প্রতি দেখা করে ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে সৃষ্ট পরিস্থিতির কথা জানান। তিনি একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত বাস্তবায়নের কথা বলেন। উল্লেখ্য, ভর্তি পরীক্ষার পদ্ধতি পরিবর্তনের সিদ্ধান্ত একাডেমিক কাউন্সিল থেকেই দেওয়া হয়েছে।

এ ব্যাপারে বুয়েট উপাচার্যের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, সকল বর্ষের ক্লাস ১ মার্চ থেকে শুরু হবে এবং যথাসময়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করা হবে। স্থাপত্য বিভাগের শিক্ষকদের কর্মবিরতির কথা মনে করে দেওয়া হলে তিনি জানান, অধ্যাপক মীর মোবাশ্বের আলী বলেছেন, তারা যথাসময়ে পরীক্ষার রেজাল্ট দেবেন এবং ক্লাস নেবেন।

এদিকে স্থাপত্য বিভাগের অধ্যাপক মীর মোবাশ্বের আলীর কাছে কর্মবিরতি প্রত্যাহার করা হবে কিনা জানতে চাওয়া হলে তিনি বলেন, আমি এ ব্যাপারে মন্তব্য করার কেউ না।

বিশ্বস্ত সূত্র থেকে জানা গেছে, স্থাপত্য বিভাগের শিক্ষকদের একাডেমিক কার্যক্রম পর্যবেক্ষণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি শিক্ষকদের একাডেমিক কার্যক্রমের রিপোর্ট পেশ করবে একাডেমিক কাউন্সিলের কাছে এবং সেই ভিত্তিতে শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থাও নেওয়া হতে পারে।